

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


স্মারক নং-৪৫.১৫৫.১১৪.০০.০০.০১৪.২০১১-৪৬৪

তারিখঃ ২৪.০৬.২০১৯খ্রিঃ

বিষয়ঃ কর্পোরেট সিম ব্যবহার।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তরের ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এমআইস) হতে বিভিন্ন পর্যায়ের স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহের প্রধানগণের ব্যবহার করার জন্য একটি করে কর্পোরেট সিম (SIM) প্রদান করা হয়েছিল। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, অধিকাংশ সিম ব্যবহার না করার কারণে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে তাৎক্ষণিক যোগাযোগ সম্ভব হচ্ছে না। ফলে কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদনে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে।

এমতাবস্থায়, তার অধীনস্থ মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল/বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) সিভিল সার্জন/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাগণকে ইতোপূর্বে সরবরাহকৃত কর্পোরেট সিমটি চালু ও সার্বক্ষণিক ব্যবহারের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(মো: আবু রায়হান মিল্লো)
উপসচিব
ফোনঃ ৯৫৫৬৯৮৯

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)-----
- ২। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল)-----
- ৩। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) সকল-----
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। তত্ত্বাবধায়ক/সিভিল সার্জন, জেলা/জেনারেল হাসপাতাল (সকল)-----
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)-----
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (উল্লিখিত পত্র সংশ্লিষ্ট সকলের নিকট ই-মেইলযোগে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।